২১ অক্টোবর ২০২৪ খ্রি.

# ডুয়েটের উপ-উপাচার্য হলেন অধ্যাপক ড. মো. আরেফিন কাওসার

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), গাজীপুর-এর দ্বিতীয় উপ-উপাচার্য হিসেবে আজ সোমবার বিকেলে (২১ অক্টোবর ২০২৪ খ্রি.) দায়িত্ব গ্রহণ করেন প্রকৌশল শিক্ষাবিদ অধ্যাপক ড. মো. আরেফিন কাওসার।

যোগদানের পর তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি বলেন, শিক্ষা ও গবেষণায় সমৃদ্ধ ডুয়েট বাস্তবায়ন করাই আমাদের মূল লক্ষ্য। এক্ষেত্রে তিনি ডুয়েটকে এগিয়ে নিয়ে যেতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সকল ধরনের সহযোগিতা কামনা করেন।

আজ রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব মোছা: রোখছানা বেগম স্বাক্ষরিত উপ-উপাচার্য নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, তিনি চার বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আরেফিন কাওসার ডুয়েটের যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক। তিনি একজন ম্যাটেরিয়ালস্ ইঞ্জিনিয়ারিং বিশেষজ্ঞ। এর আগে তিনি ডুয়েটের ডীন, বিভাগীয় প্রধানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তিনি ডুয়েটের যন্ত্রকৌশল বিভাগ থেকে স্নাতক (ইঞ্জি.) ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয় থেকে যন্ত্রকৌশল বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তাঁর ৫৫ টিরও অধিক জাতীয় ও আন্তর্জাতিক জার্নাল ও কনফারেন্স প্রোসিডিংস প্রকাশিত হয়েছে এবং তিনি বিভিন্ন গবেষণা প্রকল্পের সঙ্গে যুক্ত ছিলেন।

অধ্যাপক ড. মো. আরেফিন কাওসার বরিশাল জেলার মুলাদি উপজেলার পাতার চর গ্রামে ১৯৭৯ সালে জন্মগ্রহণ করেন। তার বাবা মরহুম আব্দুল জব্বার এবং মাতা সুরাইয়া বেগম। ব্যক্তি জীবনে তিনি তিন সন্তানের জনক।

